গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২৬/২০১৯-২০২০

ঢাকা, ৩০ জুলাই মঙ্গলবার ২০১৯, ১৫ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ

২। মশা মারার নতুন ওষুধ সংগ্রহের নির্দেশ প্রধানমন্ত্রীর কার্যালয়ের

৩। মশা মারার ওষুধ সরাসরি আমদানি করবে ডিএনসিসি : মেয়র

৪। জনসচেতনতা বৃদ্ধির কারণে ডেঙ্গু জ্বর অনেকটাই নিয়ন্ত্রণে : স্থানীয় সরকার মন্ত্রী

৫। পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত : মিয়ানমারকে আরও ২৫ হাজার রোহিঙ্গার তালিকা হস্তান্তর

৬। রোহিঙ্গাদের জোর করে ভাসান চরে পাঠানো হবে না : পররাষ্ট্রমন্ত্রী

৭। আগামী ২০ ও ২১ আগস্ট ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শংকর বাংলাদেশ সফর করবেন

৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতেই দেশে গণমাধ্যমের বিকাশ হয়েছে : তথ্যমন্ত্রী

৯। এনইউবিতে বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী

১০। ঈদের আগাম টিকিট বিক্রি শুরু

ডাবল লাইন না হলে শিডিউল বিপর্যয় বন্ধ হবে না : রেলমন্ত্রী

১১। পরিবেশ ঝুঁকি চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার প্রস্তুত : পরিকল্পনামন্ত্রী

১২। ৫ লাখ টাকা পর্যন্ত সঞ্চয়পত্রে উৎসে কর ৫ শতাংশ

চলমান পাতা-২

১। **ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ**

ডেঙ্গু প্রতিরোধে ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রী নির্দেশ দিয়েছেন জানিয়ে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ রূপ নিয়েছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে আমরা দলীয়ভাবে তিন দিনের জনসচেতনতামূলক কর্মসূচি পালন করব। আগামী ৩১ জুলাই থেকে সারাদেশে এ কর্মসূচি পালিত হবে। তিনি বলেন, সরকার ডেঙ্গু প্রতিরোধ এবং বন্যাকে চ্যালেঞ্জ হিসেবে নিয়েছে। এ চ্যালেঞ্জ অনতিক্রম্য নয়। আমরা সমন্বিতভাবে চেষ্টা করে ডেঙ্গুকে প্রতিরোধ করব এবং বন্যার ক্ষয়ক্ষতি কমিয়ে আনব। গতকাল (২৯ জুলাই সোমবার) ধানমণ্ডিস্থ আওয়ামী লীগ সভানেত্রীর রাজনৈতিক কার্যালয়ে দলের সম্পাদকমণ্ডলীর সভাশেষে আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। সেতুমন্ত্রী আরো বলেন, তিন দিনব্যাপী সচেতনতামূলক, সতর্কতামূলক ও পরিচ্ছন্নতা অভিযান পালন করব। আগামী ৩১ জুলাই, ২ ও ৩ আগস্ট বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত সারা দেশের জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যন্ত পরিচ্ছন্নতা অভিযান চলবে। এর সঙ্গে সতর্কতা ও সচেতনতামূলক লিফলেটও বিতরণ করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

২। **মশা মারার নতুন ওষুধ সংগ্রহের নির্দেশ প্রধানমন্ত্রীর কার্যালয়ের**

ঢাকার দুই সিটি করপোরেশন মশা মারার নতুন ওষুধ সংগ্রহের নির্দেশ দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। তিন দিনের মধ্যে তা সংগ্রহ করে রেজিস্ট্রেশন সম্পন্নের কথা বলা হয়েছে। এজন্য সিটি করপোরেশনসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩)।

৩। **মশা মারার ওষুধ সরাসরি আমদানি করবে ডিএনসিসি : মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম বলেছেন, মশার ওষুধ ক্রয় সংক্রান্ত সকল সিন্ডিকেট ভেঙে দেওয়া হয়েছে। এখন থেকে ডিএনসিসি সরাসরি ওষুধ আমদানি করতে পারবে। মশক নিধন কর্মী ও পরিচ্ছন্নতা কর্মীদের মনিটরিং করার জন্য জিপিএস ট্র্যাকার এর সাহায্য নেওয়া হবে। গতকাল (২৯ জুলাই সোমবার) গুলশান ক্লাবে জাতীয় দৈনিক, টিভি চ্যানেল ও অনলাইন পত্রিকার সম্পাদকদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। মেয়র বলেন, এখন থেকে বছরব্যাপী ডেঙ্গু নিয়ে কাজ করতে হবে এবং স্বাস্থ্য অধিদপ্তর, দুই সিটি করপোরেশন, উদ্ভিদ সংরক্ষণ বিভাগ সবাইকে নিয়ে একটি ডেঙ্গু গবেষণা কেন্দ্র চালু করা প্রয়োজন। মেয়র আরো বলেন, ডিএনসিসি পাঁচ জন নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ করবে, যারা বিভিন্ন ভবনে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে গিয়ে অ্যাডিস মশার বংশ বিস্তারের উৎস আছে কি না এবং হাসপাতালগুলোতে নির্ধারিত মূল্যে ডেঙ্গু রোগের চিকিৎসা হচ্ছে কি না এসব বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহণ করবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

৪। **জনসচেতনতা বৃদ্ধির কারণে ডেঙ্গু জ্বর অনেকটাই নিয়ন্ত্রণে : স্থানীয় সরকার মন্ত্রী**

নাগরিকদের সচেতনতা বৃদ্ধির কারণে ডেঙ্গু জ্বর বিশ্বের অনেক দেশের তুলনায় আজ বাংলাদেশে অনেকটাই নিয়ন্ত্রণে রয়েছে। তবে এতে আমরা সন্তুষ্ট নই। এজন্য সরকারের সংশ্লিষ্ট সংস্থা একটানা কাজ করে যাচ্ছে। গতকাল (২৯ জুলাই সোমবার) রাজধানীর নিউ ইস্কাটনের বিয়াম গলিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের মশক নিয়ন্ত্রণ কার্যক্রম পরিদর্শনকালে স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৩), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.১)।

৫। **পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত : মিয়ানমারকে আরও ২৫ হাজার রোহিঙ্গার তালিকা হস্তান্তর**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গারা রাখাইনে ফিরে গেলে কয়েক ধাপ শেষে নাগরিকত্ব দিতে সম্মত মিয়ানমার। তবে প্রত্যাবাসনের প্রথম ধাপে মিয়ানমার কর্তৃপক্ষ শুধু নাগরিক স্বীকৃতির একটি কার্ড দিতে চায়। পরবর্তী আরও দুই থেকে তিনটি ধাপে তাদের নাগরিকত্বের বিষয়টি চূড়ান্ত করা হবে। ঢাকায় মিয়ানমারের পররাষ্ট্র সচিবের সঙ্গে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের বৈঠকে এ বিষয়টি আলোচিত হয়েছে। গতকাল (২৯ জুলাই সোমবার) রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় ঐ বৈঠক শেষে বাংলাদেশ প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়া ভারপ্রাপ্ত পররাষ্ট্র সচিব কামরুল আহসান সাংবাদিকদের জানান, রোহিঙ্গা প্রত্যাবাসন চুক্তির অংশ হিসেবে যাচাই-বাছাইয়ের জন্য আরও ২৫ হাজার রোহিঙ্গার তালিকা মিয়ানমারকে হস্তান্তর করা হয়েছে। এর আগে ৩০ হাজার রোহিঙ্গার তালিকা দেওয়া হয়েছিল। এ নিয়ে মোট ৫৫ হাজার রোহিঙ্গার তালিকা দেওয়া হলো। তিনি আরও জানান, রোহিঙ্গা প্রত্যাবাসনের বাধা দূর করার জন্য মিয়ানমারের প্রতি আহ্বান জানানো হয়েছে। বৈঠকে মিয়ানমারের প্রতিনিধিদলের নেতৃত্ব দেন সে দেশের পররাষ্ট্র সচিব মিন্ট থোয়ে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৬। রোহিঙ্গাদের জোর করে ভাসান চরে পাঠানো হবে না : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, রোহিঙ্গাদের জোর করে নোয়াখালীর ভাসান চরে পাঠাবে না সরকার। গতকাল (২৯ জুলাই সোমবার) মন্ত্রণালয়ে কয়েকটি গণমাধ্যমের সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, আমরা দুই হাজার ৪০০ কোটি টাকা খরচ করে ভাসান চরের উন্নয়ন করলাম, অথচ রোহিঙ্গারা সেখানে যেতে চায় না। আমরাও জোর করে পাঠাতে চাই না। তাদেরকে এনজিও বা কেউ বুদ্ধি দিয়েছে ওখানে না যাওয়ার জন্য। অথচ ভাসানচরে রোহিঙ্গাদের স্থানান্তরে বিশ্বখাদ্য সংস্থাসহ অনেকেই প্রথমে সম্মতি দেয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

৭। আগামী ২০ ও ২১ আগস্ট ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শংকর বাংলাদেশ সফর করবেন

ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শংকর আগামী ২০ ও ২১ আগস্ট বাংলাদেশ সফর করবেন। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গতকাল (২৯ জুলাই সোমবার) তাঁর দপ্তরে সাংবাদিকদের একথা বলেন। গত মে মাসে নরেন্দ্র মোদি দ্বিতীয় দফায় ভারতের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর জয়শংকর পররাষ্ট্রমন্ত্রী নিয়োগ পান। এর পরই ভারতে বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলী জয়শংকরের সঙ্গে সাক্ষাৎ করে বাংলাদেশ সফরের জন্য পররাষ্ট্রমন্ত্রী আব্দুল মোমেনের আমন্ত্রণপত্র পৌঁছে দেন। জয়শংকর আমন্ত্রণ গ্রহণ করেন। পররাষ্ট্রমন্ত্রী আগামী ৫ থেকে ১৭ আগস্ট পর্যন্ত পবিত্র হজ পালনের লক্ষ্যে সৌদি আরব থাকবেন। তাই জয়শংকরের সফরের সময় ২০ ও ২১ আগস্ট নির্ধারিত হয়। পররাষ্ট্রমন্ত্রী জানান, ভারতের পররাষ্ট্রমন্ত্রীর এটি হবে সৌজন্য সফর। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৮। প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতেই দেশে গণমাধ্যমের বিকাশ হয়েছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরেই বাংলাদেশে গণমাধ্যমের বিকাশ হয়েছে। গতকাল (২৯ জুলাই সোমবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরামের (বিএসআরএফ) নবনির্বাচিত নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারই প্রথম এদেশে বেসরকারি টিভি চ্যানেলের অনুমোদন দিয়েছেন। গণমাধ্যম সমাজের দর্পণ উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, বাংলাদেশে গণমাধ্যমের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যাপক বিস্তার ঘটেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচারের বিরুদ্ধে সরকারের সঙ্গে গণমাধ্যমের কর্মীদের এক হয়ে কাজ করার আহ্বান জানান তিনি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

৯। এনইউবিতে বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী

বেসরকারি নর্দান বিশ্ববিদ্যালয়ে (এনইউবি) স্থাপন করা হয়েছে বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র। জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রতিষ্ঠানটি এ উদ্যোগ নিয়েছে। নতুন প্রজন্ম ও শিক্ষার্থীদের মধ্যে বঙ্গবন্ধুর আদর্শ ছড়িয়ে দেয়া, জাতির পিতার সম্পর্কে বিশদ জ্ঞান অর্জন এবং বাংলা ও বাঙালির আবহমান কালের ইতিহাস-ঐতিহ্যকে স্থায়ীভাবে ধরে রাখার লক্ষ্যে এ কেন্দ্র স্থাপন করা হয়েছে। কেন্দ্রটি গতকাল (২৯ জুলাই সোমবার) আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। এ কেন্দ্রের মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর বছরব্যাপী কর্মসূচি পালন করা হবে। উদ্বোধন অনুষ্ঠানে তথ্যমন্ত্রী এনইউবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানিয়ে বলেন, নর্দান বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু গবেষণা কেন্দ্র স্থাপন করা হয়েছে। যেটি অন্য বিশ্ববিদ্যালয়ের জন্য একটি অনন্য উদাহরণ। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তুলবেন। উন্নত জাতি গড়ার কারখানা হল বিশ্ববিদ্যালয়। মেধার সঙ্গে মূল্যবোধ ও দেশাত্ববোধের সমন্বয় ঘটিয়ে কাজ করে যেতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২)।

১০। ঈদের আগাম টিকিট বিক্রি শুরু

ডাবল লাইন না হলে শিডিউল বিপর্যয় বন্ধ হবে না : রেলমন্ত্রী

রেলপথমন্ত্রী নূরুল ইসলাম সুজন বলেছেন, এখন এক লাইন দিয়ে ট্রেন চলছে। তাই ডাবল লাইন না হওয়া পর্যন্ত ট্রেনের শিডিউল বিপর্যয় বন্ধ করা যাবে না। গতকাল (২৯ জুলাই সোমবার) রাজধানীর কমলাপুর রেল স্টেশনে ঈদের (ঈদুল আজহা) আগাম টিকিট বিক্রি কার্যক্রম পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। রেলমন্ত্রী আরো বলেন, আগামী ১২ আগস্ট সম্ভাব্য ঈদুল আজহার তারিখ ধরে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছি। যাত্রীদের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। এখানে র‍্যাব, পুলিশ ও রেলওয়ের নিজস্ব নিরাপত্তা কর্মীসহ সবাই একসঙ্গে নিরাপত্তা নিশ্চিত করছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫)।

১১। পরিবেশ ঝুঁকি চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার প্রস্তুত : পরিকল্পনামন্ত্রী

উন্নয়ন সহযোগীরা কেউ এগিয়ে না এলেও পরিবেশ ঝুঁকি চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত সরকার। কেউ অর্থায়ন না করলে আমরা নিজেদের টাকাতেই করব। আমরা গ্রিন ক্লাইমেট ফান্ড করেছি নিজেদের অর্থায়নে। এ ফান্ডের অর্থায়নের বিষয়ে জাতিসংঘ আমাদের আশ্বাস দিয়ে থাকে, কিন্তু কিছুই দেয় না। গতকাল (২৯ জুলাই সোমবার) রাজধানীর লেকশোর হোটেলে ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অভ্ নেচারের (আইইউসিএন) বাংলাদেশ ন্যাশনাল কমিটি আয়োজিত এক সভায় পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

১২। ৫ লাখ টাকা পর্যন্ত সঞ্চয়পত্রে উৎসে কর ৫ শতাংশ

গত বাজেটে সরকার সব ধরনের সঞ্চয়পত্রের ওপর উৎসে কর ১০ শতাংশ হারে কর্তনের সিদ্ধান্ত নিলেও অপেক্ষাকৃত স্বল্প বিনিয়োগকারীদের জন্য এতে কিছুটা ছাড় দেওয়া হচ্ছে। ৫ লাখ টাকা পর্যন্ত সঞ্চয়পত্রে বিনিয়োগের ক্ষেত্রে এ উৎসে কর ১০ শতাংশ থেকে কমিয়ে পাঁচ শতাংশ করা হচ্ছে। গতকাল (২৯ জুলাই সোমবার) অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ সিদ্ধান্তের কথা জানিয়েছেন। তবে ৫ লাখ টাকার উপরে বিনিয়োগের ক্ষেত্রে উৎসে কর যথারীতি ১০ শতাংশই থাকবে। সচিবালয়ে এক সংবাদসম্মেলনে তিনি জানান, গত ১ জুলাই থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। এছাড়া সংবাদসম্মেলনে বিদেশ থেকে রেমিট্যান্স পাঠানোর ক্ষেত্রে সরকার ঘোষিত ২ শতাংশ প্রণোদনাও গত ১ জুলাই থেকেই কার্যকর বলে তিনি জানিয়েছেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **সমকাল :** সুন্দরবনে বাঘের সংখ্যা বাড়লেও এর অস্তিত্ব সংকটের হুমকি এখনও বিদ্যমান-এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ অবস্থা নিরসনে প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** বর্তমান বিশ্বে বজ্রপাতে দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যায় মৃত্যুর ঘটনা ঘটছে বাংলাদেশে উল্লেখ করে বজ্রপাত হতে রক্ষা পেতে আধুনিক প্রযুক্তির মাধ্যমের পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর, যায়যায়দিন :** ১৪ কোম্পানির পাস্তুরিত দুধ উৎপাদন ও বিপণন পাঁচ সপ্তাহের জন্য বন্ধের যে নির্দেশ দিয়েছে হাইকোর্ট তা প্রতিপালনে সংশ্লিষ্টদের নিয়মিত বাজার মনিটরিং প্রয়োজন উল্লেখ করে এর সাথে সাথে ক্ষতিকর দুধসহ সব ভেজাল পণ্য ও এর উৎপাদকের বিরুদ্ধে দ্রুত দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **জনকণ্ঠ :** দেশে শিশুশ্রম নিষিদ্ধসহ সরকারের নানামুখী ইতিবাচক পদক্ষেপ সত্ত্বেও শিশুশ্রম কমছেনা উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** ঢাকার সাভারে ধলেশ্বরী নদীতে গোসল করতে নেমে নিখোঁজ তিন কলেজ ছাত্রের লাশ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস উল্লেখ করে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে সচেতনতা বৃদ্ধি এবং প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউ নেশন :** এক যুগ্ম সচিবের অপেক্ষায় বসে থেকে মাদারিপুরের কাঁঠালবাড়ি ঘাটে তিন ঘন্টা দেরিতে ফেরি ছাড়ায় গুরুতর আহত এক স্কুলছাত্রের মৃত্যুর কথা উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের শাস্তির আওতায় আনার দাবি।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বন্যা নিয়ন্ত্রণে দেশে বন্যা প্রতিরোধী বাঁধ নির্মাণের ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ডেঙ্গু নিয়ে তর্ক-বিতর্ক নয়, সতর্ক ব্যবস্থা জরুরি।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত **‘দু’টি মহান পেশাকে কলুষিত করবেন না’** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, দেশে শিক্ষা এবং চিকিৎসা সেবার মানোন্নয়নে শিক্ষক ও চিকিৎসকের পেশা দু’টিকে আমলে রাখতে হবে, কারণ শিক্ষা ও চিকিৎসা দু’টিই আমাদের জন্য জরুরি বিষয়।

#

ডালিয়া/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা